### জন্মগত CMV এর চিকিৎসা করা যেতে পারে কী?

যদি আপনার শিশুর জন্মগত CMV থাকে, তাহলে তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারী তাদের একটি অ্যান্টিভাইরাল ঔষুধ খাওয়ার পরামর্শ দিতে পারেন। এই ঔষুধটি আপনার শিশুর শ্রবণশক্তি এবং সুস্থ বিকাশে সাহায্য করতে পারে। সকল চিকিৎসায় ঔষুধের প্রয়োজন হয় না। যেসকল শিশুর জন্মগত CMV রয়েছে তারা আর্লি ইন্টারভেনশন প্রোগ্রাম (Early Intervention Program, EIP) এর মাধ্যমে প্রয়োজনীয় সহায়তা পেতে পারে। EIP তাদেরকে তাদের যোগাযোগ, ভাষা এবং সামাজিক দক্ষতা উন্নত করতে সাহায্য করতে পারে।

### আমার শিশুর শ্রবণশক্তি "স্বাভাবিক" হলেও কি তাদের জন্মগত CMV থাকতে পারে?

শ্রবণশক্তি হারানো কিছু শিশুর নবজাতকের শ্রবণশক্তি পরীক্ষায় ভাল ফলাফল আসলেও তাদের জন্মগত CMV থাকে। আপনি হাসপাতাল থেকে বাড়ি ফেরার পর আপনার শিশুর উপর নজর রাখা গুরুত্বপূর্ণ। যদি আপনার শিশুর শ্রবণশক্তি হ্রাসের মতো জন্মগত CMV-এর লক্ষণ দেখাতে শুরু করে, তাহলে আপনার উদ্বেগের বিষয়ে আপনার সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলা উচিত। "গুড হিয়ারিং চেকলিস্ট" আপনার শিশুর শ্রবণশক্তি হ্রাসের সম্ভাব্য লক্ষণগুলি সনাক্ত করার জন্য একটি গাইড হিসাবে ব্যবহার করা যেতে পারে।

## সংস্থানসমূহ

**নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health)**

www.health.ny.gov/diseases/communicable/cytomegalovirus/fact_sheet.htm

**রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention)**

www.cdc.gov/cmv

**নিউ ইয়র্ক স্টেট আর্লি হিয়ারিং অ্যান্ড ডিটেকশন ইন্টারভেনশন প্রোগ্রাম (New York State Early Hearing and Detection Intervention Program)**

www.health.ny.gov/community/infants_children/early_intervention/newborn_hearing_screening/

জন্মগত CMV শৈশবে ননজেনেটিক শ্রবণশক্তি হ্রাসের প্রধান কারণ।

NEW YORK STATE | Department of Health

20183 (Bengali) 04/23



# জন্মগত সাইটোমেগালোভাইরাস (CMV) পরীক্ষা এবং আপনার শিশু

NEW YORK STATE | Department of Health

# যারা গর্ভবতী বা যাদের গর্ভবতী হওয়ার সম্ভাবনা রয়েছে তাদের জন্য

## জন্মগত সাইটোমেগালোভাইরাস (cytomegalovirus, CMV) কী?

(ইংরেজিতে উচ্চারিত সাই-টো-মেগ-এ-লো-ভায়-রাস)

CMV হল একটি ভাইরাস যা সব বয়সের লোকদেরই আক্রান্ত করতে পারে। এটি হালকা, ফ্লু-এর মতো লক্ষণ সৃষ্টি করতে পারে তবে এটি সাধারণত মানুষকে অসুস্থ করে না। যখন কোনো গর্ভবতী ব্যক্তি CMV-তে সংক্রামিত হন, তখন তারা গর্ভাবস্থার মাধ্যমে এটি তাদের বিকাশমান শিশুর কাছে পাস করতে পারেন। CMV নিয়ে জন্মানো শিশুর জন্মগত CMV আছে বলা হয়।

জন্মগত CMV-তে আক্রান্ত একটি শিশুর শ্রবণশক্তি বা দৃষ্টিশক্তি হ্রাস, বিকাশে বিলম্ব এবং মীর্গির মতো স্বাস্থ্যজনিত সমস্যাগুলি থাকতে পারে। তারা একটি ছোট মাথা নিয়েও জন্মাতে পারে।

জন্মগত CMV থাকা কিছুসংখ্যক শিশু জন্মের সময় লক্ষণ দেখায় যা আপনার শিশুর ডাক্তার দেখতে পারেন। অন্যান্য শিশুদের জন্মের সময় জন্মগত CMV-এর কোনো লক্ষণ দেখা যায় না।

শ্রবণশক্তি হ্রাস CMV সংক্রমণের সবচেয়ে সাধারণ লক্ষণ। এটি জন্মের সময়ই থাকতে পারে বা পরবর্তী জীবনেও শিশুকে সংক্রামিত করতে পারে।

## আমার শিশুর জন্মগত CMV আছে কিনা তা আমি কীভাবে জানব?

নিউ ইয়র্ক স্টেটের সকল নবজাতকের জন্মের পর তাদের শ্রবণশক্তির পরীক্ষা করা হয়। এই শ্রবণশক্তির পরীক্ষাটি দ্রুত এবং ব্যথাহীন এবং এটি আপনার শিশুর ঘুমন্ত অবস্থায় করা যেতে পারে। আপনি হাসপাতাল থেকে যাওয়ার পরে আপনার শিশুর আবার তার শ্রবণশক্তি পরীক্ষা করা প্রয়োজন হতে পারে। যদি তাই হয়, তাহলে আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীর আপনার শিশুর জন্মগত CMV পরীক্ষা করা উচিত। এই পরীক্ষাটি আপনার শিশুর লালা বা প্রস্রাব ব্যবহার করে করা যেতে পারে। পরীক্ষার ফলাফলগুলি দেখাতে পারে যে আপনার শিশুর জন্মগত CMV সংক্রমণ রয়েছে যা শিশুর অন্যান্য স্বাস্থ্য সমস্যার কারণ হতে পারে।

# গুড হিয়ারিং চেকলিস্ট

### জন্ম থেকে 3 মাস পর্যন্ত

- চারপাশে রোজকার কণ্ঠস্বর পেলে বা শব্দ হলে সে নিস্তব্ধ হয়ে পরে
- উচ্চ আওয়াজে যেভাবে প্রতিক্রিয়া ব্যক্ত করে: শিশু চমকে ওঠে, চোখ মেলে, স্তন্যপান বন্ধ করে, কান্নাকাটি করে বা জেগে ওঠে
- ঘুম থেকে উঠলে মৃদু শব্দ করে, শিশুর গার্গল করার আওয়াজ

### 3 থেকে 6 মাস পর্যন্ত

- ধ্বনি, কণ্ঠস্বর, খেলনা যা শব্দ করে, ঘেউ ঘেউ করা কুকুরের দিকে চোখ বা মাথা ঘোরায়
- কথার মতো আওয়াজ করতে শুরু করে: "গা," "ওহ," "বা" এবং প, ব, ম ধ্বনি
- আপনার কণ্ঠস্বর পরিবর্তনে প্রতিক্রিয়া ব্যক্ত করে

### 6 থেকে 9 মাস পর্যন্ত

- মৃদু আওয়াজে সাড়া দেয়, বিশেষ করে কথা বলা
- নিজের নামে সাড়া দেয়
- সহজ শব্দগুলি বুঝতে পারে: "না," "বাই-বাই," "জুস"
- অস্পষ্টভে বলে: "ডা ডা ডা," "মা মা মা,"

### 9 থেকে 12 মাস পর্যন্ত

- মৃদু এবং উচ্চ উভয় আওয়াজে সাড়া দেয়
- একক শব্দ এবং ধ্বনির পুনরাবৃত্তি করে
- প্রিয় খেলনা বা খাবারের কথা জিজ্ঞাসা করা হলে সেগুলির দিকে নির্দেশ করে

### 12 থেকে 18 মাস পর্যন্ত

- 10 বা তার বেশি শব্দ ব্যবহার করে
- সহজভাবে বলা নির্দেশাবলী অনুসরণ করে: "বলটা নিয়ে আসো"
- মানুষ, শরীরের অঙ্গ, বা খেলনার দিকে নির্দেশ করে

### 18 থেকে 24 মাস পর্যন্ত

- 20 বা তার বেশি শব্দ ব্যবহার করে
- দুই বা ততোধিক শব্দকে একত্রিত করে: "আরও জুস," "এটা কী?"
- শব্দের শুরুতে বিভিন্ন ব্যঞ্জনবর্ণের ধ্বনি ব্যবহার করে: ব, গ, ম
- সহজ গল্প এবং গান শোনে

### 2 থেকে 3 বছর পর্যন্ত

- দুই বা তিনটি শব্দের একটি বাক্য ব্যবহার করে
- 2 বছর বয়সে, শিশুর কথা কখনও কখনও বোঝা যায় (25%-50%)
- 3 বছর বয়সে, শিশুর কথা বেশিরভাগ সময় বোঝা যায় (50%-75%)
- দ্বি-পদক্ষেপ নির্দেশাবলী অনুসরণ করে: "বলটা নিয়ে আসো এবং এটিকে বক্সে রাখো"

ক্যালিফোর্নিয়া ডিপার্টমেন্ট অফ হেলথ সার্ভিসেসের (California Department of Health Services) চেকলিস্ট থেকে নেওয়া হয়েছে।

**আপনি যদি আপনার শিশুর বিকাশ নিয়ে চিন্তিত হন, তাহলে তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।**